

পাবলিক বিশ্ববিদ্যালয়

প্রথম নারী উপাচার্য হচ্ছেন ড. ফারজানা

তানজিদ বসুনিয়া, আবি

নারীর অধিকার বা নারীর ক্ষমতায়নের জন্য যারা অবিরত লড়াই করে চলেছেন তাঁদের জন্য আপনাদের



করছে আরো একটি সুখবর। আর তা হচ্ছে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ইতিহাসে প্রথমবারের মতো একজন নারী উপাচার্য হিসেবে নিয়োগ পাচ্ছেন। জানা যায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড.

ফারজানা ইসলামকে প্রতিষ্ঠানটির ১৮তম উপাচার্য হিসেবে ইতিমধ্যেই সুপারিশ করেছেন রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য আবদুল হামিদ আজিজউল্লাহ। রাষ্ট্রপতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ ১৯৭৩-এর ১১(১) ধারা অনুযায়ী অধ্যাপক ফারজানা ইসলামকে চার বছরের জন্য নিয়োগ প্রদানের সুপারিশ করেছেন বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে আজ্ঞা অথবা আপাতীকালের মধ্যেই

তাঁকে উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করা হবে।

এর আগে প্রথম নারী উপাচার্য হিসেবে অধ্যাপক ড. জিন্নাতুন্নেছা তাহমিন ঢাকা বিশ্ববিদ্যালয়ে দায়িত্ব পালন করেন। সাবেক রাষ্ট্রপতি ড. ইয়াজউদ্দিন আহমেদের স্ত্রী অধ্যাপক আনোয়ারা বেগম বেনরকারি অত্রীণ দীপকর-বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। অত্র দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ইতিহাসে এবারই কোনো নারী উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

যোগাযোগ করা হলে ফারজানা ইসলাম এ খবরের সত্যতা নিশ্চিত করে কালের কণ্ঠকে বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে দু-একজনের মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি। তবে শিক্ষা মন্ত্রণালয় থেকে আনুষ্ঠানিকভাবে আমাকে এখনো কিছু জানানো হয়নি। সবার সহযোগিতার মাধ্যমে গত ২০ ফেব্রুয়ারি উপাচার্য প্যানেল নির্বাচনে আমি প্রথম হই। সে পরিস্থিতিতেই সরকারের কাছে আমার নাম যায়।

জানা যায়, গত ২০ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে এক ভৌতিকমূলক পূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে প্রথম নারী উপাচার্য হিসেবে সর্বাধিক ভোট পেয়ে প্রথম হন

নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ফারজানা ইসলাম। একই প্যানেল থেকে পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আবুল হোসেন দ্বিতীয় আর তৃতীয় হন অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আমির হোসেন। উপাচার্য প্যানেল নির্বাচনে জয়ী এই তিনজনের নাম ২০ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি এবং আচার্যের কাছে প্রেরণ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর রাষ্ট্রপতি এই প্রস্তাব অনুমোদন করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩-এর ১১(১) ধারা অনুযায়ী ড. ফারজানা ইসলামকে চার বছরের জন্য নিয়োগ প্রদানের সুপারিশ করেছেন বলে নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে।

ফারজানা ইসলাম আরো বলেন, 'গত বছর বেশ কয়েকটি কারণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। উপাচার্য হিসেবে আমার প্রথম কাজ হবে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ফিরিয়ে আনতে সর্বাত্মক স্নেহ নিয়ে কাজ করা।' তিনি আরো বলেন, 'এখানে উপাচার্য হিসেবে দায়িত্ব পালন অনেক বড় একটি চ্যালেঞ্জ হিসেবে মনে করি। কিন্তু সবার সহযোগিতা নিয়ে আমি সেই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারব বলে আশা করি।'